গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ভোলা সদর, ভোলা।

স্মারক নং-০৫.১০.০৯১৮.০০০.০২.০৪৩.২০- ৯৫১/৭

তারিখ : ০২ বৈশাখ, ১৪২৯ বঙ্গাঃ
১৫ এপ্রিল, ২০২২ খ্রি.

## ২০ (বিশ) একর পর্যন্ত সরকারি বদ্ধ জলাশয় ইজারা বিজ্ঞপ্তি

সরকারি জলমহাল নীতি ২০০৯ এর সংশ্লিষ্ট নীতিমালা মোতাবেক উপজেলা প্রশাসন, ভোলা সদর, ভোলা এর ব্যবস্থাপনাধীন ইজারাযোগ্য ২০.০০ (বিশ) একর পর্যন্ত বদ্ধ সরকারি জলমহালগুলো বাংলা ১৪২৯-১৪৩১ বঙ্গাব্দ পর্যন্ত ৩(তিন) বছর মেয়াদে সনের জন্য ইজারা প্রদানের লক্ষ্যে জলমহালের নিকটবর্তী আগ্রহী প্রকৃত মৎস্যজীবি সমবায় সমিতির নিকট হতে নিম্নবর্নিত সিডিউল মোতাবেক অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্ট কপি ও জলমহালের ইজারা মূল্যের উপর ২০% ব্যাংখ ড্রাফট/পে-অর্ডারের মূলকপি সীলগালা মুখবন্ধ খামে এ কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে দাখিল করতে হবে এবং আবেদন বাবদ ৫০০/- পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে। দরখাস্তকারী কর্তৃক জলমহালটি সরেজমিনে দেখে দরখাস্ত দাখিল করতে হবে। দরখাস্ত দাখিলের জলমহালের আকার আয়তন সম্পর্কে কোন প্রশ্ন বা দাবী উত্থাপন করা যাবে না। জলমহাল সংক্রান্ত যাবতীয় তথ্যবলি এ কার্যালয়ে জানা যাবে।

### ২০ (বিশ) একর পর্যন্ত ১৪২৯ হতে ১৪৩১ বাংলা সনের জন্য ইজারাযোগ্য জলমহালের তালিকা:

| ক্রমিক নং | উপজেলা নাম | ইউনিয়নের নাম | জলমহালের নাম | জলমহালের আয়তন | সরকারি ইজারা মূল্য | অনলাইনে আবেদন দাখিলের শেষ তারিখ ও সময় |
|---|---|---|---|---|---|---|
| ০১ | ভোলা সদর | পশ্চিম ইলিশা | ট্যাংগির খাল পুকুর | ২.০৫ একর (কম/বেশী) | ১১,৮০০/- | ২৮-০৪-২০২২ খ্রি. বিকাল ৩.৩০ ঘটিকা পর্যন্ত |
| ০২ | | ভেলুমিয়া | ভেলুমিয়া কুঞ্জপট্টি পুকুর | ০.৫৫ একর (কম/বেশী) | ✓ ৪,৫০০/- | |
| ০৩ | | ভেলুমিয়া | ভেলুমিয়া চন্দ্রপ্রসাদ | ০.৭০ একর (কম/বেশী) | ✓ ৫,৫০০/- | |
| ০৪ | | ভেলুমিয়া | বাগমারা-১ জলাশয় | ৭.৯৯ একর (কম/বেশী) | ২৫,৯০০/- | |
| ০৫ | | ভেলুমিয়া | বাগমারা-২ জলাশয় | ৮.২১ একর (কম/বেশী) | ৩৮,৯০০/- | |
| ০৬ | | ভেদুরিয়া | ভেদুরিয়া পুকুর | ০.৬৭ একর (কম/বেশী) | ৩,৪০০/- | |
| ০৭ | | ভেদুরিয়া | ভেদুরিয়া পুকুর | ১.১০ একর (কম/বেশী) | ১১,০০০/- | |
| ০৮ | | ভেদুরিয়া | ভেদুরিয়া পুকুর | ১.৪৭ একর (কম/বেশী) | ৭,৭০০/- | |
| ০৯ | | দক্ষিণ দিঘলদী | দক্ষিণ বালিয়া পুকুর | ০.০৮ একর (কম/বেশী) | ৪৫০/- | |
| ১০ | | দক্ষিণ দিঘলদী | দক্ষিণ কোড়ালিয়া পুকুর | ০.৯১ একর (কম/বেশী) | ১০,৭০০/- | |

আবেদন দাখিলের সময়সূচি

-শর্তসমূহ-

১। উপর্যুক্ত সূচী অনুযায়ী স্থানীয়ভাবে নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সংগঠন/সমিতি-কে ওয়েবসাইটে প্রবেশ করে অনলাইন আবেদন দাখিল করতে হবে। তবে আবেদন বাবদ ৫০০/ (পাঁচশত) টাকা (অফেরত যোগ্য) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জমা দিতে হবে। উল্লেখ্য কোন জলামহাল ইজারা প্রদানের ক্ষেত্রে ১ম তারিখে কোন মৎস্যজীবি সমবায় সমিতি পাওয়া না গেলে সমাজ ভিত্তিক মৎস্য চাষ ব্যবস্থাপনার অনুকরণে কেবলমাত্র সংশ্লিষ্ট পুকুর/জলমহালের চারপার্শ্বের নিকটবর্তী অবস্থানে বসবাসরত (ক) বেকার যুবক ; (খ) মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধার সন্তান ; (গ) যুব মহিলা ; (ঘ) বিধবা ও স্বামী পরিত্যক্তা ; (ঙ) আনসার, ভিডিপি ও গ্রামপুলিশ সদস্য ; (চ) দরিদ্র ও অস্বচ্ছল ব্যক্তির সমন্বয়ে এতদুদ্দেশ্যে গঠিত ও সমবায় অধিদপ্তর কিংবা সমাজসেবা অধিদপ্তরের স্থানীয় অফিসে নিবন্ধিত একক সমিতি সংশ্লিষ্ট পুকুর/জলমহালের তৃতীয় তারিখ হতে ইজারায় অংশগ্রহণ করতে পারবেন।

২। অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূলকপি সীলগালাযুক্ত মুখবন্ধ খামে ভোলা সদর উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে রক্ষিত বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে জমা দিতে হবে।

৩। যে কোন প্রকৃত স্থানীয়ভাবে নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি জলমহাল ইজারায় অংশগ্রহণ করতে পারবেন। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধীত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন।

E:\[illegible].docx

৪। আবেদন ফরমের সাথে উপজেলা নির্বাহী অফিসার, ভোলা সদর, ভোলা এর অনুকূলে আবেদন ফরমে উদ্ধৃত মূল্যের ২০% অর্থ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে অর্ডার আকারে জামানত হিসেবে দাখিল করতে হবে।

৫। মৎস্যজীবী সমবায় সমিতির বৈধ্যতা সম্পর্কে উপজেলা সমবায় কর্মকর্তা/সমাজসেবা কমকর্তার নিকট হতে প্রত্যয়নপত্রসহ বিগত দুই বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। উল্লেখ্য , নতুন নিবন্ধিত মৎস্যজীবীর ক্ষেত্রে ইহা প্রযোজ্য হবে না।

৬। কোন মৎস্যজীবী সমিতির নিকট কোন জলমহালের ইজারা মূল্য বকেয়া থাকলে এবং উক্ত বকেয়া ইজারামূল্যের জন্য কোন আদালতে সার্টিফিকেট মামলা পেন্ডিং/চলমান থাকলে সংশ্লিষ্ট মৎস্যজীবী সমবায় সমিতির আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।

৭। উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি কর্তৃক গৃহীত ইজারা দরপত্র গ্রহীতাকে সিদ্ধান্ত প্রদানের ১৫ (পনের) দিনের মধ্যে সম্পূর্ণ ইজারার অর্থ পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকূলে বাজেয়াপ্ত হবে।

৮। ইজারা গ্রহীতাকে ১ম, ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পরবর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে এবং অন্যথায় ইজারাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে।

৯। ইজারা গ্রহীতাকে ৩০০/- (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারা চুক্তি সম্পাদন করতে হবে এবং কেবলমাত্র ইজারা চুক্তি সম্পদানের পরই সংশ্লিষ্ট জলমহালের দখল ইজারা গ্রহীতাকে বুঝিয়ে দেয়া হবে।

১০। ইজারাদার কোন অবস্থাতে মহাল বা মহালের কোন অংশ বিশেষ সাবলীজ প্রদান করতে পারবেন না এবং জলমহাল যেখানে যে অবস্থায় আছে, সে অবস্থা আবেদন ফরমে উল্লেখপূর্বক ইজারা গ্রহণ করতে হবে। আবেদন ফরম দাখিলের পূর্বেই সংশ্লিষ্ট জলমহাল সম্পর্কে সরেজমিনে প্রকৃত অবস্থা সঠিকভাবে দেখে আবেদনপত্র দাখিল করতে হবে। পরে কোন ওজন আপত্তি গ্রহণযোগ্য হবে না, কিংবা জলমহালের বর্তমান আয়তন এবং দখল নামায় উল্লিখিত আয়তনের মধ্যে হেরফের হলেও কোন আপত্তি উত্থাপন করা যাবে না।

১১। কোন ঘষামাজা বা কাঁটাকাটি বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র গ্রহণযোগ্য হবে।

১২। জলমহাল ইজারা বাংলা সনের যে কোন সময়ে চূড়ান্ত হলেও নীতিমালা মোতাবেক তার মেয়াদ ঐ সনের ০১ লা বৈশাখ হতে কার্যকর হবে এবং ৩০শে চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে। পরবর্তী ০১ লা বৈশাখ থেকে নতুন বছরের কার্যক্রম শুরু হবে। ইজারাদার পূর্বের সময়ের খাস আদায়ের অর্থ দাবী করতে পারবেন না।

১৩। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠন-কে দুটির অধিক জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদান করা হবে না।

১৪। যদি ইজারা গ্রহীতা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বৎসর শেষ হওয়ার পূর্বে যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বৎসরের নির্দিষ্ট পরিমাণ অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন তাহলে ইজারা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ নতুন করে সংশ্লিষ্ট জলমহাল ইজারা প্রদান করতে পারবেন। এ ব্যাপারে কোন আপত্তি করা যাবে না।

১৫। ইজারার সমিতিকে সরকারের নির্দেশনা মোতাবেক উদ্ধৃত দরের উপর ১৫% হারে ভ্যাট এবং ৫% হারে আয়কর প্রদান করতে হবে।

১৬। অফিস চলাকালীন সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় হতে বিস্তারিত তথ্যাদি জানা যাবে।

১৭। বর্ণিত শর্তাবলী ব্যবস্থাপনার ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ আইন, বিধি (যদি থাকে) তা-ও প্রযোজ্য হবে।

১৮। ইজারার গ্রহীতা ইজারা গ্রহণের পর কোনভাবেই জলমহালের আকার,আকৃতি,শ্রেনি পরিবর্তন করতে পারবেন না।

১৯। কর্তৃপক্ষ যে কোন আবেদন পত্র গ্রহণ, স্থগিত/বাতিল এবং বাস্তবতার আলোকে প্রয়োজনে বিদ্যমান জলমহালের তফসিল হ্রাস/বৃদ্ধির ক্ষমতা সংরক্ষণ করেন।

১৫/৪/২২

(মোঃ তৌহিদুল ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
ভোলা সদর, ভোলা।
ও
সভাপতি
উপজেলা জলমহাল ইজারা কমিটি



CamScanner

স্মারক নং-০৫.১০.০৯১৮.০০০.০২.০৪৩.২০- ১৫৯/১ তারিখ : ০২ বৈশাখ, ১৪২৯ বঙ্গাব্দ
১৫ এপ্রিল, ২০২২ খ্রি.

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো ঃ-

১। মাননীয় সংসদ সদস্য, ভোলা-১, মাননীয় উপদেষ্টা, উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি।

২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল।

৩। অতিরিক্ত বিভাগীয় কমিশনার (রাজস্ব), বরিশাল বিভাগ, বরিশাল।

৪। জেলা প্রশাসক/ভোলা।

৫। অতিরিক্ত জেলা প্রশাসক, (রাজস্ব), ভোলা।

৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।

৭। উপজেলা মৎস্য কর্মকর্তা, ভোলা সদর, ভোলা।

৮। উপজেলা কৃষি অফিসার, ভোলা সদর, ভোলা।

৯। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, ভোলা সদর, ভোলা।

১০। উপজেলা সমবায় কর্মকর্তা, ভোলা সদর, ভোলা।

১১। চেয়ারম্যান.........................................ইউনিয়ন পরিষদ , ভোলা সদর, ভোলা। তাঁকে তার এলাকার সকল হাট বাজার এবং গুরুত্বপূর্ণ স্থান সমূহে মাইক/ঢোল সহরতের মাধ্যমে ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে অনুরোধ করা হ'ল।

১২। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,.......................................................................................... ইউনিয়ন ভূমি অফিস। তাকে তার এলাকাধীন সকল হাট-বাজারে ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১৩। জনাব, ..........................................................................................

১৪। অফিস কপি।

(মোঃ আলী সুজা)
সহকারী কমিশোনার (ভূমি)
ভোলা সদর, ভোলা।
ও
সদস্য সচিব
উপজেলা জলমহাল ইজারা কমিটি
ভোলা সদর, ভোলা।

CamScanner